

দিন-রাত বারো মাস

শত্রুর সাথে বসবাস



মশাদের ভেতর সবচেয়ে ভয়ঙ্কর এডিস মশা কামড়াতে পারে দিনে-রাতে যেকোনো সময়।
ডেঙ্গু, ছাড়াও জিকা এবং চিকুনগুনিয়া রোগের জন্য দায়ী এই এডিস মশা।



**World Health
Organization**

Country Office for Bangladesh

এডিস মশা সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ তথ্য



এডিস মশা ডেঙ্গু এবং জিকা রোগের বাহক। এডিস মশা কামড়াতে পারে দিনে বা রাতের যেকোনো সময় এবং একবার কামড়ালেই ভাইরাসের সংক্রমণ হতে পারে।

এডিস মশার গায়ে সাদা কালো ডোরা কাটা দাগ থাকে। বর্ষা মৌসুমে এর প্রাদুর্ভাব বেশি দেখা যায়।

এই মশা পরিষ্কার পানিতে বিশেষ করে কৃত্রিম জলাধারে ডিম পাড়ার মাধ্যমে বংশবৃদ্ধি করে।

এডিস যদি না কামড়ায় ডেঙ্গু হবার ভয় নাই



দিনের বেলায় ঘুমানো বা বিশ্রাম নেয়ার সময় অবশ্যই মশারি ব্যবহার করুন। ডেঙ্গু আক্রান্ত ব্যক্তিকে সবসময় মশারির ভেতর রাখুন যাতে কোনোভাবেই মশা কামড়াতে না পারে।

হালকা রঙের কাপড় পরিধান করুন এবং শরীর ভালোভাবে কাপড় দিয়ে ঢেকে রাখুন।



ঘরের দরজা-জানালায় মশা প্রতিরোধক নেট ব্যবহার করুন।



মসকুইটো রিপেলেন্ট বা মশা নিবারক ক্রিম/লোশন ব্যবহার করুন।



এডিস মশা নিয়ন্ত্রণ করার কার্যকর পদ্ধতি

এডিস মশা পরিষ্কার পানিতে বংশবৃদ্ধি করে - তাই বাড়ির ভেতর ও এর আশপাশে পানি জমার পাত্রগুলো চিহ্নিত করুন এবং নিয়মিতভাবে সপ্তাহে অন্ততঃ দুই দিন মেজে-ঘষে পরিষ্কার করুন বা পানি ফেলে উল্টে রাখুন।

সিমেন্টের ট্যাংক/চৌবাচ্চা, ড্রাম, মটকা, পরিত্যক্ত টায়ার, ফুলের টব ও সরা, প্লাস্টিক বা টিনের ফেলে দেয়া পাত্র, ফুলদানি, ফ্রিজের নীচে পানি জমার পাত্র, ছাদে ফেলে রাখা পাত্র, ডাব বা নারকেলের খোল - ইত্যাদি যেখানেই পানি জমতে পারে তা নিয়মিত পরিষ্কার রাখুন।



পরিচ্ছন্ন থাকলে তাই
এডিস মশার ভয় নাই

যেসব পাত্রে / স্থানে
এডিস মশা ডিম পাড়তে পারে



পরিচ্ছন্ন থাকলে তাই
এডিস মশার ভয় নাই



আপনার বাসগৃহ কি এডিস মশা মুক্ত?

দেখে নিন, জেনে নিন – এডিস মশা মুক্ত থাকুন

আপনার এলাকার নির্মাণাধীন বাড়ি ও এর আশপাশের পানি জমার স্থান/পাত্রগুলো সবসময় ঢেকে রাখতে এবং নিয়মিতভাবে পাঁচদিন পর পর পরিষ্কার করতে এর নির্মাণ শ্রমিক/বাড়ির মালিকদের উদ্বুদ্ধ করুন।

গৃহ পরিচারক/পরিচারিকা, আবর্জনা পরিষ্কারকারী, নিরাপত্তাকর্মী এবং সর্বোপরি আপনার পরিবারের সদস্য এবং এলাকার বাসিন্দাদের এই কার্যক্রমে উদ্বুদ্ধ করুন।

ফুলের টব ও সরা, সিমেন্টের ট্যাংক/চৌবাচ্চা, ড্রাম, মটকা, পরিত্যক্ত টায়ার, প্লাস্টিক বা টিনের ফেলে দেয়া পাত্র, ফুলদানি, ফ্রিজের নীচে পানি জমার পাত্র, ছাদে ফেলে রাখা পাত্র, ডাব বা নারকেলের খোল, ফেলে রাখা খালি বোতল, জানালা/ছাদের কার্নিশ অথবা ছাদের কোনায়, ফ্রিজের নিচে, এয়ারকন্ডিশনারের ভেতরে ও নীচে - ইত্যাদি নানা স্থানে পানি জমতে পারে।

সপ্তাহে অন্ততঃ দুদিন এসব পাত্র/স্থানে জমা পানি ফেলে দিয়ে পরিষ্কার করুন। মনে রাখবেন জমে থাকা পানি শুধু ফেলে দিলেই চলবে না, পাত্রটি ভালো করে মেজে-ঘষে পরিষ্কার করতে হবে।

এডিস থেকে বাঁচাতে প্রাণ
দিন-রাত সাবধান

এডিস থেকে বাঁচাতে প্রাণ দিন-রাত সাবধান



**World Health
Organization**

Country Office for Bangladesh

United House (Ground to 3rd Floor)

10 Gulshan Avenue, Gulshan-1, Dhaka-1212, Bangladesh PO Box: 250

Tel: 88 0960 40 27200 (Hunting) or 880 2 883 1415 (Hunting), Fax: (880 2) 8831423

Email: sebanregistry@who.int; Web: www.searo.who.int/Bangladesh